তারিখ ..০৪ APR 2016...
পৃষ্ঠা ...৪... কলাম ....৫.....

সমকাল

# জাতীয়করণ হলো রাষ্ট্রপতি আবদুল হামিদ কলেজ

■ সমকাল প্রতিবেদক

জাতীয়করণ হলো কিশোরগঞ্জের ইটনা উপজেলার 'রাষ্ট্রপতি আবদুল হামিদ কলেজ'। গত ২৭ মার্চ থেকে জাতীয়করণের এ সিদ্ধান্ত কার্যকর হবে। গতকাল বৃহস্পতিবার এ বিষয়ে এক প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব নাছিমা খানম স্বাক্ষরিত প্রজ্ঞাপনে গতকাল বলা হয়, এই কলেজের শিক্ষকরা অন্য কলেজে বদলি হতে পারবেন না।

প্রসঙ্গত কয়েকদিন আগে নেত্রকোনার মোহনগঞ্জ ডিগ্রি কলেজকেও জাতীয়করণ করা হয়। শিগগিরই আরও কিছু কলেজকে জাতীয়করণ করার প্রক্রিয়া চলছে বলে শিক্ষা মন্ত্রণালয়ের কলেজ শাখা সূত্রে জানা গেছে। তবে নতুন জাতীয়করণ হওয়া কলেজের শিক্ষকরা আপাতত অন্য কলেজে বদলির সুযোগ পাবেন না।